দৈনিক খবর

তারিখ 30 AUG 1988
পৃষ্ঠা 5 কলাম 7

146

# চিঠিপত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

## কুমিল্লা বোর্ডের মাধ্যমিক পরীক্ষার মার্কশীট

মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের প্রায় ১ মাস পর বোর্ড কর্তৃপক্ষ স্কুলে মার্কশীট পাঠাইয়াছে। মার্কশীট লিখিতে ও পাঠাইতে এত দীর্ঘ সময় লাগার পরও অনেক মার্কশীটে এবং টেবুলেশন শীটে পরীক্ষার্থীর নাম, পিতার নাম, রেজিঃ নং এবং জন্ম তারিখে অজস্র ভুল ধরা পড়িতেছে। বিভিন্ন কলেজে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী এবং অভিভাবকরা মহা বিভ্রাটে পড়িয়াছেন। লেখক, প্রতিপাদক, নিরীক্ষক এবং আরো অনেক কর্মচারীর সই সম্বলিত এসব ভুল মার্কশীট ও টেবুলেশন শীট বোর্ড কর্তৃপক্ষ কিভাবে পাঠাইলেন? এতে বোর্ড কর্তৃপক্ষের কর্তব্য কাজে চরম অবহেলা ও উদাসীনতার প্রমাণ পাওয়া যায়। উত্তরপত্র ঠিকমত পরীক্ষা-নিরীক্ষা করিয়া নম্বরগুলি টেবুলেশন শীটে সঠিকভাবে উঠানো হইয়াছে কি-না, ছাত্র-ছাত্রী ও অভিভাবক মহল সে ব্যাপারে যথেষ্ট সন্দেহ পোষণ করিতেছেন। এসব গাফিলতির জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানাইতেছি।

জনৈক অভিভাবক
সিলেট।